গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moef.gov.bd

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ বিল্লাল হোসেন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| তারিখ | : | ০১-১২-২০১৯ খ্রিষ্টাব্দ |
| সময় | : | বিকাল ০৩:০০ টা |
| স্থান | : | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এ বিষয়ে গত ২৮-০৮-২০১৯ তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী করণীয় বিষয়সমূহ যথাযথভাবে বাস্তবায়নের ব্যাপারে তিনি গুরুত্বারোপ করেন। সভাকে জানানো হয় যে, উক্ত কার্যক্রমের মধ্যে চারটি কর্মসূচি জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। পাশাপাশি নিজস্ব অন্যান্য কর্মসূচি বাস্তবায়নে পরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়ন সফল করতে হবে। অতঃপর সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত কর্মসূচিঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জাতীয় শোক দিবস পালন:<br>ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন | ক) কলাবাগান (লাজফার্মা চত্বর) এ জমায়েত হয়ে সকাল ৯.০০ ঘটিকায় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা কর্তৃক এক সাথে মৌন মিছিল করে ধানমন্ডি ৩২ নম্বরে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ। | ক) মন্ত্রণালয় ও আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে মৌন মিছিল করে ধানমন্ডি ৩২ নম্বরে শ্রদ্ধাঞ্জলি অর্পন। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| | খ) আলোচনা সভা | খ) জাতির পিতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের অডিটরিয়ামে ১৫ আগস্টের শোকাবহ ঘটনার স্মৃতিচারণ উপলক্ষ্যে আলোচনা সভা আয়োজন করা যেতে পারে। উক্ত সভায় জাতির পিতার পরিবারের সদস্য/জাতির পিতার সাথে ঘনিষ্ঠ ছিলেন একজন সম্মানীয় অতিথিকে আমন্ত্রণ করা যেতে পারে। | খ) পরিবেশ অধিদপ্তরের অডিটরিয়ামে ১৫ আগস্টের শোকাবহ ঘটনার স্মৃতিচারণ উপলক্ষ্যে জাতির পিতার পরিবারের সদস্য/জাতির পিতার সাথে ঘনিষ্ঠ ছিলেন একজন সম্মানীয় অতিথিকে আমন্ত্রণ জানিয়ে আলোচনা সভার আয়োজন করতে হবে। | পরিবেশ অধিদপ্তর ও বন অধিদপ্তর |
| | গ) চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা<br>[১৫ আগস্ট স্মরণে] | গ) মন্ত্রণালয়ের নেতৃত্বে পরিবেশ অধিদপ্তর ও বন অধিদপ্তর কর্তৃক উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে নিয়ে ১৫ আগস্টকে মূল প্রতিপাদ্য করে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করার বিষয়ে | গ) মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর ও বন অধিদপ্তর ১৪-০৮-২০২০ তারিখ বন অধিদপ্তর প্রাঙ্গনে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করবে। | বন অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | ঘ) সারা দেশে ১৫ আগস্ট স্মরণে কর্মসূচি গ্রহণ | সভায় আলোচনা হয়।<br>ঘ) সারাদেশে জেলা ও বিভাগীয় পর্যায়ে কর্মসূচি গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | ঘ) বিভিন্ন দপ্তর/সংস্থার সারাদেশের জেলা ও বিভাগীয় পর্যায়ের কার্যালয়সমূহে কর্মসূচি গ্রহণের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়নপূর্বক এক সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২ | বঙ্গবন্ধুর পরিবেশ ভাবনা | আগামী ০৫-০৬-২০২০ তারিখে বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপনের লক্ষ্যে জন্মশতবার্ষিকীর তাৎপর্য তুলে ধরে দিবসটি সার্বিকভাবে উদ্‌যাপনের উদ্যোগ নেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর সাথে সমন্বয়পূর্বক বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপনের সম্ভাব্য বিস্তারিত কর্মসূচি দ্রুততার সাথে মন্ত্রণালয়ে জানাতে হবে। | পরিবেশ অধিদপ্তর |
| ৩ | বঙ্গবন্ধু শেখ মুজিব স্মরণে সারাদেশে এক কোটি বৃক্ষরোপণ | জাতীয় কমিটির অনুমোদনের পরিপ্রেক্ষিতে দেশব্যাপী বন অধিদপ্তর কর্তৃক সারাদেশে একই সময়ে এক কোটি বৃক্ষরোপণের লক্ষ্যে ইতোমধ্যে এক কোটি বিশ লক্ষ (ফলজ, বনজ, ঔষধি) চারা উত্তোলনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বৃক্ষরোপণ কর্মসূচিতে সম্মানিত সংসদ সদস্য এবং জেলা প্রশাসনের সহযোগিতায় সকল শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যক্তি পর্যায়ের সকলে সহযোগিতায় একযোগে চারা রোপণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ প্রসঙ্গে জানানো হয় যে, ৮৮টি উপজেলায় সরকারি নার্সারী না থাকায় পার্শ্ববর্তী উপজেলায় চাহিদা অনুযায়ী অতিরিক্ত চারা উত্তোলন করা হচ্ছে। | জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের নেতৃত্বে পরিবেশ কমিটিতে আলোচনা করে জানুয়ারি, ২০২০ মাসের মধ্যে কোন জেলায় কোন স্থানে কি পরিমাণ চারা প্রয়োজন তার তালিকা প্রণয়নপূর্বক ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও ফোন নম্বরসহ তথ্য প্রেরণ করতে হবে। বৃক্ষরোপণের স্থান নির্বাচনের ক্ষেত্রে বাড়ি ঘর, প্রান্তিক ভূমি, শিক্ষা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে। | বন অধিদপ্তর |
| ৪ | পার্ক, উদ্যানসমূহে বিনামূল্যে পরিদর্শনের সুযোগ প্রদান | সভাকে জানানো হয় যে, যেহেতু বিভিন্ন সরকারি পার্কে টিকেটিং সিস্টেম টেন্ডারের মাধ্যমে লিজ দেয়া হয় এবং এর মাধ্যমে সরকারি কোষাগারে অর্থ জমা হয় সে বিবেচনায় এক দিনের টিকেট বাবদ সমপরিমাণ অর্থ মওকুফের জন্য অর্থ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | ক) সরকারি পার্ক, উদ্যানসমূহে এক দিনের টিকেট বাবদ অর্থ মওকুফের অনুমোদন গ্রহণের বিষয়টি ত্বরান্বিত করতে হবে।<br>খ) বিনামূল্যে পরিদর্শনের জন্য উন্মুক্ত পার্ক ও উদ্যানসমূহের তালিকাসহ ব্যাপক প্রচারের উদ্দেশ্যে টিভি স্ক্রলে বিজ্ঞাপন দেয়ার ব্যবস্থা করতে হবে।<br>গ) বিনামূল্যে পার্ক ও উদ্যানসমূহ পরিদর্শনের বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে লিফলেট বিতরণ করতে হবে। | বন অধিদপ্তর |

(খ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত অন্যান্য কর্মসূচিঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | পরিবেশ বান্ধব ব্যানার ব্যবহার | ১৭ মার্চ, ২০২০ তারিখে সকল দপ্তরের কেন্দ্রীয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহে পরিবেশ বান্ধব ব্যানার, ফেস্টুন ব্যবহার করার বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের জাতীয় কর্মসূচিসহ সকল কর্মসূচিতে পরিবেশ বান্ধব (Bio-degradable) ব্যানার ব্যবহার করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| ২ | পরিচ্ছন্নতা কার্যক্রম | মন্ত্রণালয়সহ প্রতিটি অধিদপ্তর ও সংস্থার কেন্দ্রীয়/বিভাগীয়/জেলা কার্যালয়ে | মন্ত্রণালয়সহ প্রতিটি অধিদপ্তর ও সংস্থার কেন্দ্রীয়/বিভাগীয়/জেলা | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | কার্যালয়ে পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। | |
| ৩ | সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের মধ্যে লভ্যাংশের চেক বিতরণ | সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের মধ্যে লভ্যাংশের চেক বিতরণের তালিকা প্রণয়নের ক্ষেত্রে বৃক্ষ কর্তনের সাথে জড়িতদের নাম সুপারিশ নিরুৎসাহিত করা হয়। | সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের মধ্যে লভ্যাংশের চেক বিতরণের তালিকা প্রণয়নের ক্ষেত্রে বৃক্ষ কর্তনের সাথে জড়িতদের নাম সুপারিশ করা যাবে না। | বন অধিদপ্তর |
| ৪ | বঙ্গবন্ধুর জীবনভিত্তিক স্বরচিত লেখনি ও কবিতা ইত্যাদির প্রতিযোগিতা | বঙ্গবন্ধুর জীবনভিত্তিক স্বরচিত লেখনি ও কবিতা ইত্যাদির প্রতিযোগিতার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বঙ্গবন্ধুর জীবনভিত্তিক স্বরচিত লেখনি ও কবিতাসহ প্রতিযোগিতার আয়োজনের পরিকল্পনা এক সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৫ | আলোকসজ্জাকরণ | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা আলোক সজ্জাকরণের বিষয়ে আলোচনা হয়। | আগামী ১৬-১৮ মার্চ, ২০২০ মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় আলোকসজ্জা করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৬ | রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানঃ<br>ক) গ্রুপ- বঙ্গবন্ধুর শৈশব ও কৈশোর (৮ম শ্রেণি পর্যন্ত)- ৫০০ শব্দ<br>খ) গ্রুপ- বঙ্গবন্ধুর রাজনৈতিক ও কর্মময় জীবন। (৯ম শ্রেণি থেকে তদুর্ধ্ব)- ১৫০০ শব্দ। | রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান নিম্নোক্তভাবে আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>ক) গ্রুপ- বঙ্গবন্ধুর শৈশব ও কৈশোর (৮ম শ্রেণি পর্যন্ত)- ৫০০ শব্দ<br>খ) গ্রুপ- বঙ্গবন্ধুর রাজনৈতিক ও কর্মময় জীবন। (৯ম শ্রেণি থেকে তদুর্ধ্ব)- ১৫০০ শব্দ। | জানুয়ারি, ২০২০ মাসের মধ্যে রচনা প্রতিযোগিতার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে। তবে রচনা প্রতিযোগিতার আয়োজন নির্দিষ্ট সময় দিয়ে একই দিনে বিচারকদের উপস্থিতিতে করা যায় কিনা তাও দেখতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৭ | বঙ্গবন্ধুর জীবনের উল্লেখযোগ্য দিনগুলোতে বিশেষ আলোচনা সভার আয়োজন করা | বঙ্গবন্ধুর জীবনের উল্লেখযোগ্য দিনগুলোতে বিশেষ আলোচনা সভার আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | বঙ্গবন্ধুর জীবনের উল্লেখযোগ্য দিনগুলোতে বিশেষ আলোচনা সভার আয়োজনের লক্ষ্যে দপ্তর/সংস্থা পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৮ | স্কুল ও কলেজের শিক্ষার্থীদের নিয়ে শব্দ, পানি ও বায়ু দূষণ বিরোধী প্রচারণা | পরিবেশের অন্যান্য মৌলিক উপাদান শব্দ পানি ও বায়ু দূষণ কিভাবে রোধ করা যায় সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। | শব্দ, পানি ও বায়ু দূষণ রোধকল্পে পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিবেশ অধিদপ্তর |
| ৯ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি সকল কার্যালয় হতে ফেসবুকে প্রচারণা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি সকল কার্যালয় হতে ফেসবুকে প্রচারণা চালানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি ফেসবুকের মাধ্যমে প্রচারণার লক্ষ্যে মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থার সমন্বয়ে পৃথক ফেসবুক পেইজ ওপেন করে প্রচারণা চালানোর ব্যবস্থা করতে হবে। সকল দপ্তর/সংস্থা এ পেইজের সদস্য হবে। স্ব স্ব কার্যক্রমের চিত্রায়ণ ঘটবে এ পেইজের মাধ্যমে। | সকল দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট |
| ১০ | কুমির ও কচ্ছপ প্রজাতির ১০০টি বাচ্চা প্রকৃতিতে অবমুক্তকরণ | ১৭ মার্চ ব্যতীত অন্য যে কোন দিন কুমির, কচ্ছপ প্রজাতির বাচ্চা প্রকৃতিতে অবমুক্তকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ১৭ মার্চ ব্যতীত অন্য যে কোন দিনে কুমির, কচ্ছপ প্রজাতির বাচ্চা প্রকৃতিতে অবমুক্ত করতে হবে। | বন অধিদপ্তর |
| ১১ | উদ্ধারকৃত পাখি প্রকৃতিতে অবমুক্তকরণ | উদ্ধারকৃত পাখি প্রকৃতিতে অবমুক্তকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উদ্ধারকৃত পাখি যে কোন বিশেষ দিনে প্রকৃতিতে অবমুক্ত করা হবে। | বন অধিদপ্তর |
| ১২ | বন ও পরিবেশ উন্নয়নে বঙ্গবন্ধু কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও গৃহীত পদক্ষেপসমূহের উপর ভিত্তি করে স্মারক সংকলন প্রকাশ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বন ও পরিবেশ উন্নয়নে বঙ্গবন্ধু কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও গৃহীত পদক্ষেপসমূহের উপর ভিত্তি করে স্মারক সংকলন প্রকাশ সংক্রান্ত বিষয়ে | যুগ্মসচিব (প্রশাসন) কে সভাপতি, সকল অনুবিভাগের একজন উপসচিবকে সদস্য, সকল দপ্তর/সংস্থা হতে একজন পরিচালক পদমর্যাদার সদস্য এবং উপসচিব (প্রশাসন-১ শাখা) কে সদস্য সচিব করে একটি | প্রশাসন অনুবিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনা হয়। | কমিটি গঠন করা হয়। | |
| ১৩ | বিভাগীয় শহরে জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সম্পর্কে সচেতনতামূলক প্রোগ্রাম করা | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর জাতীয় কর্মসূচির পাশাপাশি মন্ত্রণালয়ের নিজস্ব কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সকল অধিদপ্তর/সংস্থা হতে ন্যূনতম পরিচালক পদমর্যাদাসম্পন্ন একজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট নির্ধারণ করার বিষয়ে আলোচনা করা হয়। | বিভাগীয় শহরে জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সম্পর্কে সচেতনতামূলক প্রোগ্রাম করাসহ জাতীয় কর্মসূচি বাস্তবায়ন সমন্বয়ের লক্ষ্যে সকল অধিদপ্তর/সংস্থা হতে ন্যূনতম পরিচালক পদমর্যাদাসম্পন্ন একজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট নির্ধারণ করে তাদের নাম আগামী এক সপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১৪ | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর কার্যক্রমের স্থির চিত্রের বুকলেট তৈরি, বিতরণ ও প্রদর্শণী | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের কর্মসূচি বাস্তবায়নে সারাদেশে প্রচারণামূলক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে আলোচনা হয়। | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের মালিকানাধীন বাস কোন সময়ে কোন জেলায় যাবে এবং কি কি বিষয় প্রদর্শন করবে সে বিষয়ে পরিকল্পনা প্রণয়নপূর্বক এক সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট |
| ১৫ | ঢাকাস্থ বিভিন্ন সরকারি, বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে হারবেরিয়ামের সেবা এবং কর্মকান্ড সম্পর্কে অবহিত করা | ঢাকাস্থ বিভিন্ন সরকারি, বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ ও প্রাণিবিদ্যা বিভাগের ছাত্র/ছাত্রীদের হারবেরিয়ামের কর্মকাণ্ড সম্পর্কে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ঢাকাস্থ বিভিন্ন সরকারি, বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ ও প্রাণিবিদ্যা বিভাগের ছাত্র/ছাত্রীদের ন্যাশনাল হারবেরিয়ামের কর্মকাণ্ড সম্পর্কে অবহিত করার পরিকল্পনা এক সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম |
| ১৬ | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের এ যাবৎকালের প্রকাশিত নিবন্ধ ও গ্রন্থসমূহের সারসংক্ষেপ সম্বলিত গ্রন্থসমূহের মোড়ক উম্মোচন | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের এ যাবৎকালের প্রকাশিত নিবন্ধ ও গ্রন্থসমূহের সারসংক্ষেপ সম্বলিত গ্রন্থসমূহের মোড়ক উম্মোচন করার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের এ যাবৎকালের প্রকাশিত নিবন্ধ ও গ্রন্থসমূহের সারসংক্ষেপ সম্বলিত গ্রন্থসমূহের মোড়ক উম্মোচনের পরিকল্পনা এক সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট |
| ১৭ | বাজেট ব্যবস্থাপনা | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর জাতীয় কর্মসূচির পাশাপাশি মন্ত্রণালয়ের নিজস্ব কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে স্ব স্ব বাজেট বরাদ্দ থেকে কার্যক্রম গ্রহণ করতে হবে তবে যৌক্তিক ক্ষেত্রে অতিরিক্ত অর্থের চাহিদা অর্থ বিভাগ বরাবর প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | সকল কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে নিজস্ব বাজেট বরাদ্দের অর্থ ব্যবহার করতে হবে। যৌক্তিক ক্ষেত্রে অতিরিক্ত অর্থের চাহিদা মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করা যাবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ বিল্লাল হোসেন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্মারক নম্বর-২২.০০.০০০০.০৫১.১৬.০০১.১৯- ৯০০৫

তারিখ: অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।

৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পুরাতন বন ভবন, মহাখালী, ঢাকা।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, এফ-১২, চাঁন্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম।
৭। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৮। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।
৯। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১১। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১২। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১৩। অফিস কপি।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা।

২৭/১১/২০১৯

(রেহানা ইয়াছমিন)
উপসচিব